

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬২৪

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن لغيره) وَعَنْ أَبِيْ أُمامَةَ الباهلي رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ رَسُوْلِ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ عَلَيْكُمْ بِقِيَامِ اللَّيْلِ فَإِنَّهُ دَأَبُ الصَّالِحِينَ قَبْلَكُمْ وَقُرْبَةٌ إِلَى رَبِّكُمْ وَمَكْفَرَةٌ لِلسَّيِّئَاتِ وَمَنْهَاةٌ عن الْإِثْمِ. رواه الترمذي وابن أبي الدنيا وابن خزيمة والحاكم وقال صحيح على شرط البخاري

বাংলা

৬২৪. (হাসান লি গাইরিহী) আবু উমামা বাহেলী (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "তোমরা কিয়ামুল্লায়ল কর। কেননা উহা তোমাদের পূর্ববর্তী যুগের নেক লোকদের অভ্যাস। তোমাদের পালনকর্তার নৈকট্য দানকারী। পাপ সমূহ মোচনকারী এবং গুনাহর কাজ থেকে বাধা দানকারী।"

(তিরমিযী ৩৫৪৯, ইবনে আবী দুনিয়া, ইবনে খুযায়মা ২/১৭৭ ও হাকেম ১/৩০৮) হাকেম বলেন হাদীছটি বুখারীর শর্তের ভিত্তিতে সহীহ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88495

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন